

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ জুন ২০২২

নগরীর দক্ষিণ পাহাড়তলী এলাকায়
১নং ঝিল পাহাড়ের পাদদেশ হতে ঝুঁকিপূর্ণ
১শত ৫০ পরিবারকে উচ্ছেদ করে চসিক ও জেলা প্রশাসন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আজ রোববার দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ডস্ট ১নং ঝিল পাহাড়ের পাদদেশ হতে ঝুঁকিপূর্ণ বসবাসকারী ১শত ৫০ পরিবারকে উচ্ছেদ করে নিরাপদ আশ্রয়ে নিয়ে আসা হয়। আশ্রয় কেন্দ্রে তাদের জন্য শুকন খাবারসহ পর্যাপ্ত ত্রাণ সামগ্রীর প্রদান করা হয়। পুনরায় তারা যাতে ঝুঁকিপূর্ণ পাহাড়ের পাদদেশে না যায় এব্যাপারে সতর্ক করা হয়।

উচ্ছেদ অভিযানে অংশ নেন জেলা প্রশাসনের পক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (ল্যান্ড) মাসুদ কামাল, এনডিসি তৌহিদুল ইসলাম, ম্যাজিস্ট্রেট মো. ওমর ফারুক, আল আমিন সরকার, মাসুদ রানা এবং সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যসহ চসিকের কর্মকর্তা-কর্মচারীগণ। এই উচ্ছেদ অভিযানে সার্বিক তত্ত্বাবধান করেন সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩